গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোয়ালমারী, ফরিদপুর।
(www.boalmari.faridpur.gov.bd)

# হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলাধীন বোয়ালমারী উপজেলার ভৌগলিক সীমার মধ্যে অবস্থিত নিম্নে বর্ণিত হাট-বাজার ১৪৩০ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহীদের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ১৪৩০ বাংলা সনের সম্ভাব্য মূল্য | শিডিউল মূল্য |
|---|---|---|---|
| ০১ | সাতৈর হাট | ৩৪,১৯,৬১৪ | ৭,৬০০ |
| ০২ | কাদিরদী হাট | ১৫,৪৪,৮৫২ | ৩,৮০০ |
| ০৩ | জয়নগর (সংরক্ষিত) হাট | ২,৪৪,০৪৮ | ১,২০০ |
| ০৪ | বেড়াদী হাট | ৩৪,৬২৭ | ৫০০ |
| ০৫ | বারাংকুলা হাট | ৩,৮০,৭১৭ | ১,৪০০ |
| ০৬ | বারাংকুলা গো হাট | ১,১৩,৯৫০ | ১,০০০ |
| ০৭ | তেলজুড়ী হাট | ৪৮,২৩০ | ৫০০ |
| ০৮ | সহস্রাইল ( সংরক্ষিত) হাট | ২৩,৪৪,৭২০ | ৫,৪০০ |
| ০৯ | তেলজুড়ী নতুন বাজার | ১৪,৯৫৬ | ৫০০ |
| ১০ | ভীমপুর হাট | ২০,১৭৬ | ৫০০ |
| ১১ | গোহাইলবাড়ী ( সংরক্ষিত) হাট | ১,৫২,২২৮ | ১,০০০ |
| ১২ | লংকারচর আব্দুল হাই খানের হাট | ৯,২৬৪ | ৫০০ |
| ১৩ | ময়েনদিয়া হাট | ৪০,৬৩,৬৮৭ | ৮,৮০০ |
| ১৪ | তামারহাজী হাট | ৩,৯৩৫ | ৫০০ |
| ১৫ | জয়পাশা ( সংরক্ষিত) হাট | ১,২৫,৯৯৯ | ১,০০০ |
| ১৬ | রাজাপুর ( সংরক্ষিত) হাট | ১,২৪,৫৮৬ | ১,০০০ |
| ১৭ | বাবুর বাজার | ৫২,২০৫ | ৫০০ |
| ১৮ | নদীয়ারচাঁদ ( সংরক্ষিত) হাট | ১৯,২৫৭ | ৫০০ |
| ১৯ | চিতারবাজার | ১৮,১২,৫২২ | ৪,৪০০ |
| ২০ | কোন্দারদিয়া হাট | ৪৭,৪৬৫ | ৫০০ |
| ২১ | কালিনগর হাট | ১৩,৭৩,২৩০ | ৩,৪০০ |
| ২২ | কাটাগড় ( সংরক্ষিত) হাট | ৩,৯৫,০২৭ | ১,৪০০ |
| ২৩ | ময়না হাট | ৫,১০৮ | ৫০০ |
| ২৪ | খরসূতী হাট | ১৩,২০৮ | ৫০০ |
| ২৫ | চরবর্ণি হাট | ৫২,৭২৬ | ৫০০ |
| ২৬ | ঠাকুরপুর বাজার | ১,৩১,৯৭০ | ১,০০০ |

| ইজারাযোগ্য হাটের সংখ্যা | ডাক | দরপত্র/সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ( অফিস চলাকালীন পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২৬টি | ১ম ডাক | ১৪/০২/২০২৩ | ১৫/০২/২০২৩ দুপুর ১.০০ টা পর্যন্ত | দরপত্র দাখিলের দিন বিকাল ৩:০০ ঘটিকায় | ১ম পর্যায়ে যে সকল হাটবাজারের দাখিলকৃত দর অনুমোদিত হবে সে সকল হাট ২য় পর্যায়ে ইজারা সংক্রান্ত তফসিল হতে বাদ যাবে। এ ভাবে ৫ম বার পর্যন্ত দরপত্র গ্রহণ কার্যক্রম চলবে এবং এজন্য আলাদা কোন বিজ্ঞপ্তি জারি করা হবে না। |
| | ২য় ডাক | ২২/০২/২০২৩ | ২৩/০২/২০২৩ দুপুর ১.০০ টা পর্যন্ত | | |
| | ৩য় ডাক | ২৮/০২/২০২৩ | ০১/০৩/২০২৩ দুপুর ১.০০ টা পর্যন্ত | | |
| | ৪র্থ ডাক | ১৩/০৩/২০২৩ | ১৪/০৩./২০২৩ দুপুর ১.০০ টা পর্যন্ত | | |
| | ৫ম ডাক | ২০/০৩/২০২৩ | ২১/০৩/২০২৩ দুপুর ১.০০ টা পর্যন্ত | | |

**শর্তাবলী :**

০১. বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ১৪৩০ সনের ৩০শে চৈত্র ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২. দরপত্র জেলা প্রশাসক, ফরিদপুর এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, বোয়ালমারী থানা, সোনালী ব্যাংক, বোয়ালমারী শাখা হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।

০৩. দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% ( শতকরা ত্রিশ ভাগ) অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুরের অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৪. যার দরপত্র গৃহীতা হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ কর হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুণরায় দরপত্র আহবান করা হবে।

০৬. এক হাট বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৭. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৯. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

১১. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১২. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজর ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট-বাজারে ইজারার টাকা নির্ধারিত সময়ে আদায় না হলে সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলো ইজারা বাতিল করা যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯. যে কোন বিষয়ে সমস্যা বা জটিলতার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৯/০১/২০২৩

( মোশারেফ হোসাইন)
উপজেলা নির্বাহী অফিসার
বোয়ালমারী, ফরিদপুর।
ফোন: ০২৪৭৮৮০৬২৮০
ই-মেইল: unoboalmari@mopa.gov.bd
২৯/০১/২৩

স্মারক নং ০৫.১২.২৯১৮.০০১.০১.০৮০.২৩- ৭৮(১০০) তারিখ : ২৯/০১/২০২৩খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. জেলা প্রশাসক, ফরিদপুর।
০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর।
০৩. উপজেলা নির্বাহী অফিসার...ফরিদপুর জেলা................( সকল)
০৪. মেয়র, বোয়ালমারী পৌরসভা, বোয়ালমারী, ফরিদপুর।
০৫. সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী, ফরিদপুর।
০৬. উপজেলা.................................কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।
০৭. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি: বোয়ালমারী শাখা, ফরিদপুর।
০৮. অফিসার ইনচার্জ, বোয়ালমারী থানা, বোয়ালমারী, ফরিদপুর।
০৯. চেয়ারম্যান......................... ইউপি ( সকল), বোয়ালমারী।
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ........................... ইউনিয়ন ভূমি অফিস,বোয়ালমারী, ফরিদপুর।
১১. সভাপতি/সেক্রেটারী..........................,হাট, বোয়ালমারী, ফরিদপুর।
১২. জনাব ..................................................................,ইজারাদার, বোয়ালমারী, ফরিদপুর।
১৩. অফিস কপি।

২৯/০১/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
বোয়ালমারী, ফরিদপুর।
২৯/০১/২৩